

ঝরাপাতা

উদাসী হিমেল বাতাস

দোল দেয় গাছের পাতায়

শুকনো পাতা ঝরে যায়,

হেমন্তে নবান্নে রূপশালী ধানে

বাঁকাচাঁদ ডুবে যায়,

চারদিকে শিশিরের ঘ্রাণে

কুয়াশার গভীর নিস্তরতায়

যৌন সুখে পৃথিবী ঘুমায়,

জল কেঁপে ওঠে, ছুঁয়ে শিশির ভেজা বাতাসে,

তোমার নিশ্বাসে আমি ঝরে যাই

হেমন্তের এক দীপ্ত ঝরাপাতায়।

বিশ্বজিৎ মৃধা